বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

**প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

**Office of the Chief Engineer, Monitoring**
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৮৬ তারিখঃ ১১/০৫/২০২৩ খ্রিঃ

প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল
বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল।

বিষয় : আসন্ন ঘূর্ণিঝড় (Mocha) মোকাবেলায় সার্বিক প্রস্তুতি গ্রহণ এবং পাসম প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন প্রসঙ্গে।

সূত্রঃ অদ্য ১১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বিদ্যমান নিম্নচাপ এবং আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবিলার বিষয়ে আগাম প্রস্তুতি এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্ত পাসমতে অনুষ্ঠিত সভা।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বিদ্যমান নিম্নচাপ এবং আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবিলার বিষয়ে আগাম প্রস্তুতি এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্ত সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে ১১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার পাসমতে একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পাসম হতে আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবেলায় মাঠপর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সভায় আসন্ন ঘূর্ণিঝড় মোখা মোকাবেলায় মাঠপর্যায়ে যথাযথভাবে প্রতিপালনের জন্য নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

- দুর্যোগ অবস্থা প্রতিরোধকল্পে জিওব্যাগসহ প্রয়োজনীয় নির্মাণসামগ্রী পর্যাপ্ত পরিমানে মজুদ রাখতে হবে।
- দুর্বল/নাঁজুক স্থানসমূহে নজরদারী জোরদার করতে হবে এবং বাপাউবো'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- সম্ভাব্য ঘূর্ণিঝড়ের আশংকা কবলিত প্রতিটি জোনে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে।
- ঘূর্নিঝড়ের সার্বিক পরিস্থিতি ও ক্ষয়ক্ষতি সম্পর্কে সর্বশেষ আপডেট সচিব, পাসম মহোদয়কে অবহিত করতে হবে।

পাসম প্রদত্ত নির্দেশনাসমূহ মাঠপর্যায়ে যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় নির্দেশক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

১১/৫/২০২৩

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৮৬/১(৩) তারিখঃ ১১/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৮৬/১(৬) তারিখঃ ১১/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট জোনসমূহের সকল, বাপাউবো।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৬। নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জোনসমূহের সকল, বাপাউবো।

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।